www.healthdirect.gov.au
1800 022 222

কিভাবে আমি স্বাস্থ্যসেবার ব্যয় মেটাবো?

English version: https://www.healthdirect.gov.au/how-do-i-pay-for-healthcare

অস্ট্রেলিয়ায় বসবাসকারী বেশীরভাগ লোকদের জন্য অস্ট্রেলিয়ার সরকার স্বাস্থ্যসেবার ব্যয় কমাতে সহায়তা প্রদান করে। আপনি কীভাবে আপনার স্বাস্থ্যপরিচর্যাজনিত খরচ মেটাবেন সে ব্যাপারে এই নিবন্ধে বর্ণনা করা হয়েছে।

মেডিকেয়ার কী?

মেডিকেয়ার হল একটি সরকারী প্রকল্প যা অস্ট্রেলিয়ানদেরকে স্বাস্থ্যসেবার খরচ মেটানোয় সাহায্য করে। কীভাবে মেডিকেয়ার এর জন্য নিবন্ধন করতে হবে তা ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস-এর ওয়েবসাইট থেকে জেনে নিন।

সকলেই যে মেডিকেয়ারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন তা নয়। নিম্নোক্তরা মেডিকেয়ার পাবেন:

- অস্ট্রেলিয়ার নাগরিকগণ
- নিউজিল্যান্ডের নাগরকিগণ
- অস্ট্রেলিয়ার স্থায়ী বাসিন্দাগণ
- যারা স্থায়ী বাসিন্দা হওয়ার জন্য আবেদন করছেন (কিছু শর্ত প্রযোজ্য)
- যারা মিনিস্টারিয়াল অর্ডার এর আওতায় রয়েছেন

অস্ট্রেলিয়ায় ভ্রমণের সময় আপনিও মেডিকেয়ার কার্ড পেতে পারেন যদি আপনি এমন কোনো দেশ থেকে এসে থাকেন যাদের সাথে অস্ট্রেলিয়ার পারস্পরিক স্বাস্থ্যসেবা চুক্তি আছে।

আপনি যদি বিদেশী পর্যটক হন, তাহলে অস্ট্রেলিয়ায় স্বাস্থ্যসেবার খরচ মেটানোর জন্য আপনার উচিত হবে ব্যক্তিগত স্বাস্থ্যবিমা নেওয়া।

আপনি মেডিকেয়ার এর জন্য উপযুক্ত কিনা তা ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস এর ওয়েবসাইটে গিয়ে যাচাই করে দেখতে পারেন।

মেডিকেয়ার এর আওতায় কী কী পরিষেবা রয়েছে?

মেডিকেয়ার এর আওতায় বিভিন্ন ধরণের পরিষেবা রয়েছে:

- **একজন ডাক্তার কিংবা বিশেষজ্ঞকে দেখানো:** যদি ঐ ডাক্তার বাক বিল করে থাকে, তাহলে মেডিকেয়ার পুরো খরচ মেটাবে। যদি ডাক্তার বাক বিল না করে থাকেন, তাহলে আপনাকেই ডাক্তারের ফি পরিশোধ করতে হবে, এরপর মেডিকেয়ার থেকে ঐ ব্যয়ের কিছুটা অংশ ফেরত চাইবেন।

- **হাসপাতালে যাওয়া:** আপনি যদি সাধারণ রোগী হিসেবে সরকারী হাসপাতাল থেকে স্বাস্থ্যসেবা পেয়ে থাকেন, তাহলে মেডিকেয়ার আপনার পুরো খরচ মেটাবে। আপনি যদি কোনো সরকারী হাসপাতালের জরুরী বিভাগে যান, তাহলে মেডিকেয়ার সবকিছুর ব্যয় মেটাবে।
- **স্বাস্থ্য পরীক্ষা এবং স্ক্যান:** মেডিকেয়ারের আওতায় এক্স-রে এবং প্যাথলজি সহ বিভিন্ন ধরণের স্বাস্থ্য পরীক্ষা রয়েছে। স্বাস্থ্য পরীক্ষা এবং স্ক্যানের খরচ সম্পর্কে এখানে আরও তথ্য রয়েছে।
- **চক্ষু পরীক্ষা:** মেডিকেয়ার অপ্টোমেট্রিস্ট বা চোখের ডাক্তার দ্বারা পরিচালিত চক্ষু পরীক্ষার খরচ মেটায়।
- **মানসিক স্বাস্থ্য পরিষেবা:** আপনি প্রতি বছর কোনো মানসিক চিকিৎসকের কাছ থেকে নেওয়া সর্বোচ্চ ১০ টি সেশনের জন্য মেডিকেয়ার রিবেট পেতে পারেন। এর জন্য আপনার ডাক্তারের কাছ থেকে একটি মানসিক স্বাস্থ্য চিকিৎসার পরিকল্পনা নেওয়ার দরকার হবে।
- **অন্যান্য সহায়তা:** মেডিকেয়ার দীর্ঘস্থায়ী কিছু রোগের চিকিৎসার খরচ, সংশ্লিষ্ট কিছু স্বাস্থ্য সেবা যেমন ফিজিওথেরাপি, এবং কিছু কিছু প্রেসক্রিপশন মেডিসিনের খরচ মেটায়।

মেডিকেয়ারের আওতায় কী কী পড়ে সে সম্পর্কে আরও বিস্তারিত জানতে ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস এর ওয়েবসাইট দেখুন।

দাঁতের চিকিৎসা কি মেডিকেয়ারের আওতায় পড়ে?

মেডিকেয়ার দাঁতের অধিকাংশ চিকিৎসার খরচ বহন করে না। আপনাকেই এর ব্যয় মেটাতে হবে। অনেকে দাঁতের চিকিৎসার জন্য তাদের ব্যক্তিগত স্বাস্থ্য বিমা ব্যবহার করে।

তবে চাইল্ড ডেন্টাল বেনেফিট স্কিম নামক একটি প্রকল্পের আওতায় কিছু বাচ্চার ক্ষেত্রে মেডিকেয়ার দাঁতের চিকিৎসার কিছু ব্যয় বহন করে। আপনার বাচ্চা এই সুবিধা পাওয়ার যোগ্য কিনা তা এখান থেকে জেনে নিন।

দাঁতের চিকিৎসার খরচ কীভাবে পরিশোধ করতে হবে সে সম্পর্কে এখান থেকে আরও বিস্তারিত জেনে নিন।

মেডিকেয়ার আমার ডাক্তারের ফি এর কতটুকু পরিশোধ করবে?

ডাক্তার কিংবা বিশেষজ্ঞ যদি বাক বিল করে, তাহলে ডাক্তারের ফি এর পুরোটাই মেডিকেয়ার বহন করে। আপনাকে নিজের পকেট থেকে কিছুই পরিশোধ করতে হবে না।

ডাক্তার কিংবা বিশেষজ্ঞ যদি বাক বিল না করে থাকে, তাহলে আপনাকে তা পরিশোধ করতে হবে এবং এর কিছুটা আপনি মেডিকেয়ার থেকে ফেরত চাইতে পারেন। আপনি যেটুকু পরিশোধ করবেন তাকে বলা হয় গ্যাপ ফি।

যেমন, আপনার জিপি হয়তো আপনাকে সাধারন ভিজিটের জন্য ৭০ ডলার চার্জ করলেন। মেডিকেয়ার আপনাকে শুধুমাত্র ৩৭.৬০ ডলার পরিশোধ করবে। সুতরাং আপনাকে অবশ্যই ৩২.৪০ ডলার গ্যাপ ফি দিতে হবে।

আপনি যদি একজন বিশেষজ্ঞকে দেখান, তাহলে আপনি মেডিকেয়ার থেকে তার ফি এর শুধুমাত্র কিছুটা অংশ ফেরত চাইতে পারবেন যদি আপনার কাছে আপনার ডাক্তারের (জিপির) একটি সাম্প্রতিক রেফারেল থাকে।

ডাক্তারের ফি কীভাবে দাবি করবেন তা জানতে ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস এর ওয়েবসাইট দেখুন। আউট অব হসপিটাল মেডিক্যাল ভিজিট বা হাসপাতালের বাইরে দেখাতে গিয়ে বা পরীক্ষার পেছনে যদি আপনি প্রচুর পরিমাণ অর্থ ব্যয় করে থাকেন, তাহলে আপনি হয়তো মেডিকেয়ার সেফটি নেট এর জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারেন।

আমাকে যদি পরীক্ষা করাতে হয়, তাহলে কীভাবে আমি এসবের ব্যয় মেটাবো?

আপনার স্বাস্থ্য সম্পর্কে আরও জানতে আপনার ডাক্তার হয়তো আপনাকে পরীক্ষা কিংবা স্ক্যান করাতে বলতে পারেন। কখনও কখনও মেডিকেয়ার এসবের ব্যয় বহন করে।

- **প্যাথলজি পরীক্ষা:** রক্ত, মূত্র কিংবা টিস্যুর পরীক্ষাগুলো সাধারণত মেডিকেয়ারের আওতায় পড়ে। এগুলোর অনেকগুলোর জন্য বাক বিল করা হয়ে থাকে।
- **ইমেজ এবং স্ক্যান:** এগুলোর মধ্যে রয়েছে এক্স-রে, সিটি স্ক্যান, এমআরআই, পিইটি স্ক্যান এবং আলট্রাসাউন্ড। মেডিকেয়ার এই পরীক্ষাগুলোর অনেকগুলোরই কিছুটা কিংবা পুরো ব্যয় বহন করে।

এছাড়াও অস্ট্রেলিয়ায় বিনামূল্যে কিছু কিছু স্ক্রিনিং পরীক্ষা করানো যায়, যেগুলোর মধ্যে রয়েছে ব্রেস্ট ক্যান্সার, অন্ত্রের ক্যান্সার, চক্ষু পরীক্ষা এবং শ্রবণশক্তির পরীক্ষা।

পরীক্ষাগুলো করানোর জন্য যেসব সহায়তা পাওয়া যায় সে সম্পর্কে জানতে ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস এর ওয়েবসাইট দেখুন।

ডায়াগনস্টিক টেস্ট এবং স্ক্যানের খরচ সম্পর্কে এখান থেকে আরও বিস্তারিত জেনে নিন।

কিভাবে আমি ওষুধের খরচ মেটাবো?

আপনি যদি ডাক্তারের কাছ থেকে কোনো ওষুধের জন্য প্রেসক্রিপশন পেয়ে থাকেন, সেক্ষেত্রে অস্ট্রেলিয়ার সরকার ফারমাসিউটিক্যাল বেনেফিট স্কিম (পিবিএস) এর মাধ্যমে তার ব্যয় মেটানোয় সাহায্য করবে।

এরপরও আপনাকে ওষুধের কিছুটা ব্যয় মেটাতে হবে। বর্তমানে অধিকাংশ লোকই সর্বোচ্চ ৪০.৩০ ডলার এবং যাদের যথাযথ কনশেসন কার্ড আছে তারা ৬.৫০ ডলার পরিশোধ করে থাকে।

আপনি যদি পিবিএস মেডিসিনে প্রচুর পরিমাণে টাকা খরচ করে থাকেন, তাহলে পিবিএস সেফটি নেট প্রতি বছর আপনার একটি নির্দিষ্ট পরিমাণ টাকা খরচের পর এই ব্যয় কমিয়ে আনতে পারে। পিবিএস সেফটি নেট সম্পর্কে আরও জানতে ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস এর ওয়েবসাইট দেখুন।

ওষুধগুলো যদি পিবিএস এর তালিকাভুক্ত না হয়, তাহলে আপনাকে পুরো দাম পরিশোধ করতে হবে। এনপিএস মেডিসিনওয়াইজ ওয়েবসাইট থেকে ওষুধের খরচ কমিয়ে আনা সম্পর্কে আরও বিস্তারিত জানতে পারবেন।

আমাকে যদি হাসপাতালে যেতে হয় তাহলে কি মেডিকেয়ার আমার চিকিৎসার খরচ বহন করবে?

আপনাকে যদি হাসপাতালে যেতে হয় তাহলে সরকারী কিংবা বেসরকারি হাসপাতাল বেছে নিতে পারেন। সরকারী এবং বেসরকারি হাসপাতাল ব্যবস্থা সম্পর্কে এখান থেকে আরও বিস্তারিত জেনে নিন।

মেডিকেয়ার নম্বর রয়েছে এমন প্রত্যেকেরই সরকারী হাসপাতালে সাধারণ রোগী হিসেবে বিনামূল্যে চিকিৎসা সেবা পাওয়ার অধিকার রয়েছে, যা মেডিকেয়ার বহন করে। তবে আপনাকে অপেক্ষমান তালিকায় যুক্ত হওয়ার দরকার হতে পারে।

আপনি যদি বেসরকারি হাসপাতালে চিকিৎসা নিয়ে থাকেন, সেক্ষেত্রে চিকিৎসার পুরোটা কিংবা কিছুটা খরচ বেসরকারি স্বাস্থ্যবিমার আওতায় পড়তে পারে।

আপনার যদি অ্যাম্বুলেন্সের দরকার হয়, তাহলে আপনি সম্ভবত কোনো সরকারী হাসপাতালের জরুরী বিভাগেই যাবেন।

অস্ট্রেলিয়ায় কি অ্যাম্বুলেন্স সেবা বিনামুল্যে পাওয়া যায়?

অস্ট্রেলিয়ায় অ্যাম্বুলেন্স সেবার জন্য সাধারণত একটি ফি দিতে হয়। এই ফি রাজ্য এবং অঞ্চল ভেদে ভিন্ন হয়। কোথাও কোথাও এটি বিনামূল্যে মেলে; আবার অন্য জায়গাগুলোতে কিছু লোকের জন্য এতে ভর্তুকির ব্যবস্থা রয়েছে।

অ্যাম্বুলেন্সের খরচ মেডিকেয়ার এর আওতায় পড়ে না। আপনার যদি বেসরকারি স্বাস্থ্যবিমা থাকে, তাহলে হয়তো তা পুরো কিংবা আংশিক খরচ মেটাবে।

আপনার রাজ্যে কোন কোন অ্যাম্বুলেন্স পরিষেবা রয়েছে সে সম্পর্কে জানতে privatehealth.gov.au ওয়েবসাইট দেখতে পারেন।

বেসরকারি স্বাস্থ্যবিমা কী, এবং আমাকে কি এটা নিতে হবে?

অস্ট্রেলিয়ায় বেসরকারি স্বাস্থ্যবিমা থাকা জরুরী নয়, তবে বিভিন্ন ধরণের সরকারী সারচার্জ এবং ইনসেন্টিভের মাধ্যমে সবাইকেই এটি নেওয়ার জন্য উৎসাহিত করা হয়।

বেসরকারি স্বাস্থ্যবিমা থাকলে স্বাস্থ্যসেবা সম্পর্কে আপনার পছন্দের পরিধি আরও বিস্তৃত হতে পারে। যেমন, চিকিৎসার জন্য আপনি নিজের ডাক্তার বেছে নিতে পারবেন।

privatehealth.gov.au ওয়েবসাইট থেকে বেসরকারি স্বাস্থ্যবিমা সম্পর্কে আরও বিস্তারিত জেনে নিন।